

সীমিত



বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, কুমিল্লা
অকেজো ঘোষিত পোশাক পরিচ্ছদ ও বিবিধ মালামাল বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

৪৪.০২.৩৫০৩.০৩৮.০৪.৪০৩-১০.১৮/০২

তারিখঃ ০৫ মার্চ ২০১৮

১। এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ মার্চ ২০১৮ তারিখ ১২০০ ঘটিকায় বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, কুমিল্লার সৈনিকদের অকেজোকৃত পুরাতন পোশাক পরিচ্ছদ, অর্ড ড্রব্যাদি এবং বিবিধ মালামাল নিলামে বিক্রয় করা হবে।

২। উক্ত মালামাল ক্রয়ে আগ্রহী বাংলাদেশী ঠিকাদার/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের পর দরপত্র সিডিউল বিক্রয় করা হবে এবং আগামী ১৪ মার্চ ২০১৮ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত (সকাল ০৮০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা) সেক্টর সদর দপ্তর কুমিল্লা হতে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। প্রতিটি সিডিউলের মূল্য ২০০/- (দুইশত) টাকা অফেরতযোগ্য। দরপত্র দাখিলের নিয়মাবলী/অন্যান্য নির্দেশাবলী বিস্তারিত সিডিউলে উল্লেখ থাকবে। উল্লেখ্য, দরপত্রের সাথে ১৫% হারে আর্নেস্ট মানি হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা করতে হবে। সর্বোচ্চ দরদাতাকে ঐ দিনই সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে। মোট মূল্যের উপর সরকারী বিধান অনুযায়ী ৫% অগ্রীম আয়কর এবং ৪% ভ্যাট প্রদান করতে হবে।

৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক (লজিস্টিক)
সেক্টর কমান্ডারের পক্ষে

A²/_n

সীমিত